গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জয়পুরহাট
youth.joypurhat.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার), ২০২৩-২৪

## নাগরিক সেবা কাযর্ক্রম (Citizens Charter)

জাতীয় যুব নীতি অনুসারে বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সী জনগোষ্ঠীকে যুব হিবাবে চিহ্নিত করা হয়েছে। এ বয়স সীমার জন সংখ্যা দেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ। দেশের এই বিপুল যুব সম্প্রদায়কে সার্বিক উন্নয়নের স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর জয়পুরহাট থেকে নিম্নোক্ত সেবামূলক কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে।

### (ক) বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচীঃ

যুবসমাজেকে জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত করণের জন্য তাদেরকে উদ্বুদ্ধকরণ, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানব সম্পদে পরিনত করার লক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট হতে বেকার যুবদের আত্মকর্মসংস্থানের জন্য নিম্নলিখিত ট্রেড সমূহে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

**প্রশিক্ষণ কর্মসূচী**

| ক্রঃনং | কোর্সের নাম | কোর্সের ধরণ | মেয়াদ | আসনসংখ্যা প্রতিব্যাচ | কোর্স ফি | জামানত | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোসর্ | প্রাতিষ্ঠানিক অনাবাসিক | ৬মাস | ৭০জন | ১,০০০ | - | এইচএসসি | |
| ০২। | পোষাক তৈরী | ঐ | ৩ মাস | ২৫ জন | ৫০/ | - | ৮ম শ্রেণি | |
| ০৩। | মৎস্য চাষ প্রশিক্ষণ কোর্স | ঐ | ১মাস | ২৫ জন | ৫০/- | - | ৮ম শ্রেণি | |
| ০৪। | ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ কোর্স | ঐ | ৬মাস | ৩০জন | ৩০০ | - | ৮ম শ্রেণি | |
| ০৫। | ইলেকট্রনিক্স প্রশিক্ষণ কোর্স | ঐ | ৬মাস | ৩০জন | ৩০০ | - | ঐ | |
| ০৬। | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ কোর্স | ঐ | ৬মাস | ৩০জন | ৩০০ | - | ঐ | |
| ০৭। | গবাদি পশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স | প্রাতিষ্ঠানিক আবাসিক | ২মাস ১৫দিন | ৬০ জন | ১০০ | ১০০ | ৮ম শ্রেণি | |
| ০৮। | অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স | অপ্রাতিষ্ঠানিক অনাবাসিক | ৭/১৪/২১দিন | ৩০ জন | - | - | ঐ | বাস্তবায়নে – উপজেলা কার্যালয়। |

**(খ) প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান ও দারিদ্র বিমোচনে যুব ঋণ কর্মসূচীঃ**

প্রশিক্ষিত যুবদের আত্মকর্মে নিয়োজিত হওয়ার জন্য প্রকল্প স্থাপনের নিমিত্তে দু'ধরনের ঋণ সহায়তা প্রদান করা হয়।

(১) একক ভিত্তিক ঋণ প্রদান/যুব ঋণ(সকল উপজেলা) - প্রশিক্ষিত যুবদের উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ এর মাধ্যমে আত্মকর্মে নিয়োজিত করা হয় যাতে তারা স্বাবলম্বী হতে পারে। আত্মকর্মে নিয়োজিত হওয়ার জন্য প্রকল্প স্থাপনের নিমিত্তে শুধুমাত্র যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের ঋণ সহায়তা প্রদান করা হয়ে থাকে। ঋণের শ্রেণী বিন্যাস নিম্নরুপঃ

(i) প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্তকে ৬০,০০০/- থেকে ১,০০,০০০/- টাকা পযন্ত ঋণ প্রদান করা হয়।

(ii) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্তকে ৪০,০০০/- থেকে ৬০,০০০/-টাকা পযন্ত ঋণ প্রদান করা হয়।

সফল ঋণ পরিশোধ কারীকে সর্বোচ্চ ৩ বার ঋণ প্রদানের ব্যবস্থা আছে। ঋণ পরিশোধের মেয়াদ ২৪ মাস। সর্বোচ্চ ৩ মাসের গ্রেস পিরিয়ড প্রদান করা হয়ে থাকে। ঋণের সার্ভিস চার্জ ১০% যা ক্রমহ্রাসমান হারে প্রায় অর্ধেক।

যোগাযোগের ঠিকানাঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা, জয়পুরহাট।

(২) গ্রুপ ভিত্তিক ঋণ প্রদান/পরিবারভিত্তিক ঋণঃ-(শুধু মাত্র ক্ষেতলাল, কালাই, পাঁচবিবি উপজেলা)

পারিবারিক ঐতিহ্য রক্ষাসহ মানবিক মূল্যবোধ সমুন্নত রাখার লক্ষ্যে পারিবারিক সম্প্রীতি, শ্রদ্ধাবোধ জাগিয়ে তোলার মাধ্যমে পরিবারকে উন্নয়নের একক হিসেবে প্রধান্য দিয়ে স্বীয় পরিবেশে স্বকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এ কর্মসূচি পালিত হয়ে আসছে। কর্মসূচির আওতায় ৫ জন সদস্যকে নিয়ে ১টি গ্রুপ এবং ৮ থেকে ১০টি গ্রুপ নিয়ে ১টি কেন্দ্র গঠন করা হয়। প্রতি গ্রুপের একজন গ্রুপ প্রধান এবং প্রতিকেন্দ্রে একজন কেন্দ্র প্রধান থাকেন। গ্রুপের প্রতি সদস্যকে ১ম দফায় ৮০০০ টাকা, ২য় দফায় ১০,০০০ টাকা, ৩য় দফায় ১২,০০০ টাকা, ৪র্থ দফায় ১৪,০০০টাকা এবং ৫ম দফায় ১৬,০০০ টাকা ঋণ প্রদান করা হয়ে থাকে। ঋণের সার্ভিস চার্জ ১০% যা ক্রমহ্রাসমান হারে প্রায় অর্ধেক এবং ঋণ পরিশোধের পর শেষ ২ কিস্তিতে পরিশোধযোগ্য।

যোগাযোগের ঠিকানাঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ক্ষেতলাল, কালাই ও পাঁচবিবি উপজেলা

**(গ) যুব সংগঠন রেজিঃকরণঃ**

দেশের উন্নয়ন প্রক্রিয়ায় যুব সংগঠন সহযোগী শক্তি হিসেবে বলিষ্ঠ অবদান রাখতে সক্ষম। এরই অংশ হিসেবে ১৯৯৫-৯৬ অর্থবছর হতে বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন সমূহকে যুব উন্নয়ন অধিদপ্তর কতৃক তালিকাভুক্তিকরণ শুরু হয়। শুরু থেকে জয়পুরহাট জেলার ৯২ টি যুব সংগঠন অত্র কার্যালয়ে তালিকাভুক্ত করা হয়েছে। বর্তমানে তালিকাভূক্তি কার্য়ক্রম বন্ধ করে বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন সমূহকে রেজিষ্ট্রেশন কার্য়ক্রম শুরু করা হয়েছে । যোগাযোগের ঠিকানাঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা, জয়পুরহাট এবং জেলা কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, হানাইল, জয়পুরহাট ।

**(ঘ) যুব সংগঠনের মধ্যে অনুদান প্রদানঃ**

দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষে ১৯৮৯-৯০ অর্থ-বছর থেকে বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনকে যুব উন্নয়ন অধিদপ্তর কতৃক অনুন্নয়ন খাত থেকে এবং যুব কল্যাণ তহবিল থেকে অনুদান প্রদান করা হয়। জয়পুরহাট জেলায় ২২১টি যুব সংগঠনকে =৪৮,৪০,০০০/-টাকা অনুদান প্রদান করা হয়েছে।

যোগাযোগের ঠিকানাঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা, জয়পুরহাট এবং জেলা কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, হানাইল, জয়পুরহাট ।

**(ঙ) জাতীয় যুব পুরস্কারঃ**

যুব উন্নয়ন অধিদপ্তর হতে যে সকল যুবক ও যুব মহিলা প্রশিক্ষণ ও ঋণ গ্রহন করে আত্মকর্মসংস্থানে সফল হয়ে সমাজে দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হন তাদের কাজের স্বীকৃতি স্বরূপ প্রতি বছর সারা দেশে মোট ১৬ জন সফল যুবকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়৷ জয়পুরহাট জেলায় ২০১৭ সালে ১জন, ২০১৮ সালে ১জন, ২০১৯ সালে ১জন, ২০২০ সালে ১জন এবং ২০২২ সালে ১জন মোট ৫ জন জাতীয় যুব পুরস্কার পেয়েছে৷

**(চ) কমনওয়েলথ যুব পুরস্কারঃ**

কমনওয়েলথ ইয়ূথ প্রোগ্রাম, এশিয়া সেন্টার এশীয় অঞ্চলের কমনওয়েলথ ভূক্ত দেশসমূহের যুব/যুবসংগঠকদের যুব উন্নয়ন কর্মকান্ডে অবদান/যুব সংগঠনের মাধ্যমে সমাজ উন্নয়ন কর্মকান্ড, যুব মহিলাদের উন্নয়ন মূলক কর্মকান্ড আদিবাসী যুবদের উন্নয়নমূলক কর্মকান্ড,যুব সংগঠনের মাধ্যমে প্রকল্প ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট ও স্বনির্ভর কার্যক্রমের জন্য বিভিন্ন শিরোনামে কমনওয়েলথ যুব পুরস্কার প্রদান করে থাকে৷

**(ছ) তথ্য প্রদানঃ –**

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল প্রকার সেবা কর্মকান্ডের তথ্য প্রদান করা হয়ে থাকে। যোগাযোগের ঠিকানাঃ একেএম রওশন আলম, সহকারী পরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয়, হানাইল, জয়পুরহাট এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , উপজেলা কার্যালয় ,জয়পুরহাট ( সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে) ।

**(জ) বিভিন্ন অনিয়ম বিষয়ে অভিযোগঃ**

সুনির্দিষ্ট অভযোগ দাখিল করা যাবে। মহাপরিচালক ,যুব উন্নয়ন অধিদপ্তর ,১০৮ মতিঝিল বা/এ ঢাকা অথবা উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, হানাইল, জয়পুরহাট।